

ইসলামী বিশ্ববিদ্যালয়

ছাত্র ভর্তির আসন সংখ্যা  
বাড়ানো হয়েছে

ইসলামী বিশ্ববিদ্যালয়, (কুষ্টিয়া) ১৩ই জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয়ে ১৯৯৫-৯৬ সেশনে সম্মান শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তির আসনসংখ্যা বৃদ্ধি করা হয়েছে শতকরা ২৬ দশমিক ৬৪ ভাগ। গত বছর যেখানে ৭শ' ৫০ জন ছাত্রছাত্রী ভর্তি করা হয়েছিল এ বছর সেখানে ৯শ' ৫২ জন ছাত্রছাত্রী ভর্তি করা হবে।

গত বছরের তুলনায় এ বছর নতুন তিনটি বিষয় নিয়ে 'চ' ইউনিট (বিজ্ঞান

অনুষদ) বোলা হয়েছে।- বিষয়গুলো হল এপ্রাই ইলেকট্রনিক্স এন্ড ফিজিক্স, এপ্রাই ম্যাথমেটিক্স এন্ড কম্পিউটার সাইন্স ও এপ্রাই কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল সায়েন্স। এই বিভাগগুলোতে ৩০ জন করে ছাত্রছাত্রী ভর্তি করা হবে এবং একজন করে উপজাতি ছাত্রছাত্রীও ভর্তি (কোটায়) হবে। ইংরেজিতে একশ' জন খেলোয়াড় কোটায় ২০ জন এবং উপজাতি কোটায় ১৫ জন সব মিলে ১৫টি বিষয়ে ৯শ' ৫২ জন ছাত্রছাত্রী ১৯৯৫-৯৬ সেশনে বিশ্ব-বিদ্যালয়ে ভর্তি হতে পারবে। ১লা জানুয়ারি ফরম দেয়া শুরু হয়েছে। ২৩শে জানুয়ারি পর্যন্ত ভর্তি ফরম সরবরাহ করা হবে। ২৭শে জানুয়ারি হতে যথাক্রমে ক, খ, গ, ঘ, ঙ ও চ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ আংশিক কাজ করবে। অর্থাৎ এসএসসি ও এইচএসসি পরীক্ষায় নম্বর হতে একটা পাসসেন্টেজ নেয়া হবে তবে ভর্তি পরীক্ষায় মূল বলে বিবেচিত হবে। ভর্তি ফরমের মূল্য গতবারের চেয়ে কিছুটা কমিয়ে ৮০ টাকায় নিয়ে আসা হয়েছে। ভর্তি ফরম কুষ্টিয়া থানা পাড়া শাখা অগ্রণী ব্যাংক ও বিশ্ববিদ্যালয়স্থ অগ্রণী ব্যাংক হতে দেয়া হচ্ছে।